



## কক্সবাজার সফরে যাচ্ছেন প্রধানমন্ত্রী তারেক রহমান



প্রধানমন্ত্রী তারেক রহমান। ছবি: সংগৃহীত

আগামী ১৪ ও ১৫ জুন কক্সবাজার সফরে যাচ্ছেন প্রধানমন্ত্রী তারেক রহমান। সফরের প্রথম দিনেই তিনি জুলাই আন্দোলনে নিহত ছাত্রদল নেতা ওয়াসিম আকরামের কবর জিয়ারত করবেন। প্রধানমন্ত্রীর আগমনকে ঘিরে জেলাজুড়ে প্রস্তুতি ও দলীয় তৎপরতা শুরু হয়েছে।

সফর উপলক্ষে নিরাপত্তা ও সার্বিক প্রস্তুতি পর্যবেক্ষণে কক্সবাজারে গেছেন স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের সিনিয়র সচিব মনজুর মোর্শেদ চৌধুরী। শুক্রবার তিনি ডুলাহাজারা সাফারি পার্ক, মাতামুহুরী উপজেলা ও পেকুয়া এলাকা পরিদর্শন করেন। এ সময় জেলা প্রশাসন, পুলিশ ও স্থানীয় বিএনপি নেতারা উপস্থিত ছিলেন।

সফরসূচি অনুযায়ী, ১৪ জুন ডুলাহাজারা সাফারি পার্কে বৃক্ষরোপণ কর্মসূচিতে অংশ নেবেন প্রধানমন্ত্রী। পরে পেকুয়ায় শহীদ ওয়াসিম আকরামের কবর জিয়ারত ও বিভিন্ন উন্নয়ন কার্যক্রমের উদ্বোধন করবেন। বিকেলে চকরিয়ায় এক জনসভায় বক্তব্য দেওয়ার কথা রয়েছে তার।

স্থানীয় বিএনপি নেতারা জানিয়েছেন, প্রধানমন্ত্রীর জনসভাকে কেন্দ্র করে ব্যাপক প্রস্তুতি নেওয়া হয়েছে। চকরিয়াসহ আশপাশের এলাকায় নেতাকর্মীদের মধ্যে উৎসবমুখর পরিবেশ তৈরি হয়েছে।